

নম্বর 202.23

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**উপরন্তু এখনই,** গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গভর্নর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনূচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 24 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্বগিত করছি:

- নির্বাচন আইনের সেকশন 8-400 এবং আর্টিকেল 9 এর যে কোন প্রবিধান সেই পরিসর অবধি পরিবর্তন বা সংশোধন করা যাতে যে সকল ভোটার সক্রিয় ও নিষ্ক্রিয় অবস্থায় আছেন এবং আগামী 23 জুন 2020 তারিখে অনুষ্ঠিত হতে যাওয়া একটি প্রাথমিক বা বিশেষ নির্বাচনে ভোট প্রদানের যোগ্য, তাকে আবেদন করার জন্য একটি ডাক মাশুল প্রদত্ত ফেরতের বিকল্প সহ একটি অনুপস্থিত ব্যালট অ্যাপ্লিকেশন ফর্ম পাঠানো হবে। এটি একটি অনুপস্থিত ব্যালট পাওয়ার অনুরোধ করার অন্য কোন উপায় ছাড়াও হবে, এবং যে কোন ভোটারের ফোন বা ইন্টারনেট বা বৈদ্যুতিন মাধ্যমে এই ধরনের ব্যালট অনুরোধ করতে পারা সক্ষম রাখা হবে। যে কোন ব্যালট যা পূর্বে পুনঃনির্ধারিত নির্বাচনের জন্য অনুরোধ করা বা প্রাপ্ত করা হয়েছে, অথবা 23 জুন 2020 তারিখে অনুষ্ঠিত হতে যাওয়া প্রাথমিক নির্বাচনের জন্য প্রাপ্ত করা হয়েছে, তা বৈধ থাকবে এবং নির্বাচন বোর্ড দ্বারা গণনা করা হবে যদি এটি তাদের কাছে ফেরত দেওয়া হবে।

**উপরন্তু,** দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনূচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 24 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- স্বাস্থ্য কমিশনারের জারি করা কোন নিয়ম অথবা নির্দেশ মেনে চলতে ব্যর্থ হয়েছে বলে নির্ধারণ করা হলে তাহলে স্বাস্থ্য কমিশনার যে কোন দক্ষ্য নার্সিং ফেসিলিটি অথবা প্রাপ্তবয়স্ক পরিচর্যার ফেসিলিটির

পরিচালন সার্টিফিকেট স্থগিত অথবা রদ করার জন্য অনুমোদিত অথবা তার বিপরিত কোন আইনের অনুবর্তী নন বলে নির্ধারণ করা হয় তাহলে কমিশনার পরিচালনা অব্যাহত রাখার জন্য একজন রিসিভারকে নিয়োগ করতে পারেন বর্তমান পরিচালককে 24 ঘণ্টার বিজ্ঞপ্তি জারি করে যাতে করে নিউ ইয়র্ক রাজ্যের মানুষের জীবন, স্বাস্থ্য এবং নিরাপত্তা সুরক্ষিত করার জন্য।

- আগামী 23 জুন 2020 তারিখে অনুষ্ঠিত হতে যাওয়া স্টেট অ্যাসেম্বলি এবং স্টেট সিনেট বিশেষ নির্বাচন বাতিল করা হয়েছে এবং সাধারণ নির্বাচনে এই পদগুলি পূরণ করা হবে। কুইন্স বোরো প্রেসিডেন্টের অফিসের জন্য যে বিশেষ নির্বাচন অনুষ্ঠিত হবে, তা এতদ্বারা বাতিল করা হল এবং সাধারণ নির্বাচনে এই পদ পূরণ করা হবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের প্রিভি সীল সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

এপ্রিল মাসের চব্বিশ তারিখে এটি

প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব